

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।  
[www.nlaso.gov.bd](http://www.nlaso.gov.bd)



স্মারক নং : ১০.০৭.০০০০.০০১.২৭(১).০০৫.২০১৮-৮৮

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ  
১০ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

### আদেশ

যেহেতু অত্র সংস্থার অধীন লক্ষ্মীপুর জেলা লিগ্যাল এইড অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক আবু সুফিয়ান এর বিরুদ্ধে ০১/২০১৯ নং বিভাগীয় মামলা বুজুপূর্বক গঠিত অভিযোগসমূহ “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর বিধি ২ (খ) অনুযায়ী অসদাচরণ এবং একই বিধিমালার বিধি ৩ ও ৪ অনুযায়ী কেন শাস্তি প্রদান করা হবে না সে মর্মে তাকে অভিযোগনামাসহ কারণ দর্শনোর নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু আবু সুফিয়ান উক্ত কারণ দর্শনোর নোটিশের জবাবে গ্রহণযোগ্য কোন ব্যাখ্যা প্রদান করতে পারেননি; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা আবু সুফিয়ান এর বিরুদ্ধে অসদাচরণ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক আবু সুফিয়ান-কে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাকে আগামী ২ বৎসরের জন্য ২টি বেতন বৃদ্ধি স্থগিত করা হবে না সেই মর্মে তাকে দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী আবু সুফিয়ান দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে নতুন ও গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি;

এক্ষণে, সেহেতু লক্ষ্মীপুর জেলা লিগ্যাল এইড অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক আবু সুফিয়ান এর বিরুদ্ধে ০১/২০১৯ নং বিভাগীয় মামলাটি প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) এর (খ) মতে আবু সুফিয়ানের আগামী ২০২০ ও ২০২১ সালের ২টি বেতন বৃদ্ধি স্থগিত করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নির্দেশক্রমে অত্র আদেশ জারি করা হলো।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু সুফিয়ান  
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক  
জেলা লিগ্যাল এইড অফিস, লক্ষ্মীপুর।

২৪/৩/২০২০ খ্রঃ  
(মোঃ সাইফুল ইসলাম)  
পরিচালক (জেলা জজ)  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
ফোনঃ ০২-৮৩০১১৫১ (অ:)

#### জাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়) :

- ১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি এবং জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সকল কর্মকর্তাগণ।
- ৫। জেলা লিগ্যাল এইড অফিসার, লক্ষ্মীপুর।
- ৬। হিসাব শাখা, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। পিএ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৮। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।